87

তারিখ ... 14 MAY 1997 ..
পৃষ্ঠা: 6 কলাম: 5

দৈনিক ইত্তেফাক

## প্রাথমিক শিক্ষা কমিটির মতবিনিময় কর্মসূচী

প্রাথমিক শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে সুপারিশ প্রণয়নের জন্য ডঃ আবদুল্লাহ আল-মুতী শরফুদ্দীনের নেতৃত্বে গঠিত কমিটি দেশব্যাপী কর্মশিবির অনুষ্ঠান এবং বিদ্যালয় ও প্রাথমিক শিক্ষা অফিসসমূহ পরিদর্শনের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন। আজ (বুধবার) চট্টগ্রাম, ১৯ ও ২০ মে, বরিশাল ২২ ও ২৩ মে খুলনা শহরে, ২৬ ও ২৭ মে সিলেট ও রাজশাহী এবং ১ ও ২রা জুন কমিটির সদস্যগণ ময়মনসিংহ সফর করিবেন। —প্রেস বিজ্ঞপ্তি